গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**বিষয় : বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানির ব্যবহারে করণীয় নির্ধারণ বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী, এসজিপি, পিএসসি, পরিচালক (অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | : ০৬/০৩/২০২৬ খ্রিঃ (শুক্রবার)। |
| সভার সময় | : বিকাল ১৭:০০ ঘটিকা। |
| স্থান | : অন-লাইন মিটিং। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামীয় তালিকা 'পরিশিষ্ট 'ক''। |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে সভাপতি লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী, এসজিপি, পিএসসি, পরিচালক (অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানির ব্যবহার নিয়ন্ত্রণে করণীয় নির্ধারণ বিষয়ক সভায় আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নবর্ণিত প্রস্তাবনা বাস্তবায়নের জন্য মতামত প্রদান করা হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয়সমূহ | আলোচনা ও প্রস্তাবনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | টপোগ্রাফি ও গণসংযোগে গাড়ি চলাচল সীমিতকরণ | টপোগ্রাফি ও গণসংযোগে গাড়ি চলাচল সীমিতকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। ফায়ার স্টেশনের টপোগ্রাফি ও গণসংযোগ কার্যক্রমসহ অপ্রয়োজনীয় যানবাহন চলাচল আপাতত সীমিত রাখার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় উপপরিচালক /সহকারী পরিচালক/ উপসহকারী পরিচালক/সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন (সকল) |
| ২. | অধিদপ্তরের গাড়ি ব্যবহারের সংযম | অধিদপ্তরের গাড়ি ব্যবহারের সংযম হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। অপারেশনাল ও জরুরি প্রশাসনিক কাজ ব্যতীত কর্মকর্তাদের নামে বরাদ্দকৃত গাড়ির ব্যবহার কমানো এবং প্রয়োজনীয় প্রশাসনিক কাজ অনলাইন/জুম মিটিংয়ের মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উৎসাহিত প্রদান করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | অধিদপ্তরের সকল পরিচালক/উপপরিচালক/অধ্যক্ষ /সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক |
| ৩. | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গাড়ি ব্যবহার | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গাড়ি ব্যবহার নিয়ন্ত্রণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। অপারেশনাল কাজ ছাড়া বিভাগ ও জেলা পর্যায়ের ডিডি/এডি/ডিএডিদের নামে বরাদ্দকৃত গাড়ির ব্যবহার সীমিত রাখা এবং প্রয়োজনে অনলাইন/জুম মিটিংয়ের মাধ্যমে ফায়ার স্টেশন ও দপ্তরের কার্যক্রম তদারকি ও নির্দেশনা প্রদান করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় সকল উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/ সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার (সকল) |
| ৪. | যানবাহন ব্যবহারে অনুমতি ও তদারকি | যানবাহন ব্যবহারে অনুমতি ও তদারকির বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিশেষ সরকারি কাজে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে চেইন অব কমান্ড অনুযায়ী পূর্বানুমতি গ্রহণ করা এবং জ্বালানি ব্যবহারের উপর যথাযথ মনিটরিং (দপ্তর প্রধান কর্তৃক) নিশ্চিত করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় সকল উপপরিচালক/অধ্যক্ষ/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/ সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার (সকল) |
| ৫. | অন-পেমেন্টে গাড়ি চলাচল নিরুৎসাহিতকরন | অন-পেমেন্টে গাড়ি চলাচল নিরুৎসাহিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। জরুরি কারন ব্যতীত অন-পেমেন্টে গাড়ির ব্যবহার আপাতত নিরুৎসাহিত করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |
| ৬. | বিভাগ/জেলা পর্যায়ে অনলাইন সমন্বয় | সরকারি গাড়ি ব্যবহার নিয়ন্ত্রণ করে বিভাগ/জেলা পর্যায়ে অনলাইন সমন্বয়ের বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বিভাগীয় কার্যক্রম সমন্বয় ও নির্দেশনার জন্য বিভাগ/জেলা পর্যায়ে নিয়মিত জুম মিটিং চালু করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় সকল উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/ সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার (সকল) |
| ৭. | স্টেশনের গাড়ি চলাচল নিয়ন্ত্রণ | স্টেশনের গাড়ি চলাচল নিয়ন্ত্রণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সরকারি বিশেষ প্রয়োজন বা অপারেশনাল কাজ ছাড়া স্টেশনের গাড়ি অন্যত্র চলাচল বন্ধ রাখা এবং প্রয়োজন হলে | বিভাগীয় সকল উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/ সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসারগণকে এডি/ডিএডির অনুমতি নিয়ে গাড়ি ব্যবহার করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | অফিসার (সকল) |
| ৮. | জ্বালানি সমন্বয় ব্যবস্থা | জ্বালানি সমন্বয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। ফায়ার স্টেশনের জ্বালানির চাহিদা মেটানোর জন্য সংশ্লিষ্ট ফিলিং স্টেশন মালিকের সাথে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা এবং কোন ফায়ার স্টেশনে জরুরি অপারেশনাল কার্যক্রমের জন্য জ্বালানি তেল প্রাপ্তিতে সমস্যা হলে লোকাল প্রশাসনের সহযোগিতা নেওয়ার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় সকল উপপরিচালক/ সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার(সকল) |
| ৯. | ডিডি/এডি/ডিএডিগণের দপ্তর/ফায়ার স্টেশনসমূহকে তদারকিকরণ | ডিডি/এডি/ডিএডিগণকে নিজ দায়িত্বপূর্ণ বিভাগ/জেলা/জোনের দপ্তর/ফায়ার স্টেশনসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকি নিশ্চিত করার বিষয়ে সভায় প্রস্তাবনা গৃহীত হয় এবং তা বাস্তবায়নের মতামত প্রদান করা হয়। | বিভাগীয় সকল উপপরিচালক/ সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক/সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার(সকল) |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালনের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৩৪.১৫৭.২৫. ৩০২৬ তারিখ: ০৮/০৩/২০২৫ খ্রি.

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।</u>

১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পরিকল্পনা কোষ)/(উন্নয়ন)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
৫। সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ)/(অপারেশন)/(ওয়ারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/(পরিকল্পনা কোষ)/(প্রশিক্ষণ)/ (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .............................(সকল)।
৭। উপাধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৮। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .............................(সকল)।
১১। সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২। মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, কেন্দ্রিয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩। ফোরম্যান, কেন্দ্রিয়/বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল/ ফায়ার এন্ড সেফটি সেল/ কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষ/আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫ সিনিয়র স্টেশন অফিসার/ স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............................. (সকল)।

০৮/০৩/২৫
লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

CamScanner